



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ-১

বিআরপিডি-১ সার্কুলার লেটার নং-৩০

৩১ আগস্ট ২০২৬

তারিখ: -----

১৬ ভাদ্র ১৪৩৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

ক্ষতিগ্রস্ত ঋণগ্রহীতা প্রতিষ্ঠানের ব্যবসায় ও আর্থিক ব্যবস্থা পুনর্গঠনের লক্ষ্যে নীতি সহায়তা প্রদান প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার নং-০৭, তারিখ ১৬ সেপ্টেম্বর ২০২৫, বিআরপিডি সার্কুলার লেটার নং-২৬, তারিখ ২৪ নভেম্বর ২০২৫ এবং বিআরপিডি-১ সার্কুলার লেটার নং-১৬, তারিখ ০৭ মে ২০২৬ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। ক্ষতিগ্রস্ত ঋণগ্রহীতা প্রতিষ্ঠানের ব্যবসায় ও আর্থিক ব্যবস্থা পুনর্গঠনের লক্ষ্যে নীতি সহায়তা প্রদান সংক্রান্ত নীতিমালার যথাযথ বাস্তবায়ন নিশ্চিতকল্পে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো:

- বিআরপিডি সার্কুলার নং-০৭/২০২৫ এর আওতায় নীতি সহায়তা প্রাপ্তির লক্ষ্যে ৩০ সেপ্টেম্বর ২০২৬ তারিখ পর্যন্ত সংশ্লিষ্ট ব্যাংকে নতুন আবেদন দাখিল করা যাবে;
- যে সকল ঋণগ্রহীতা “ব্যবসা ও আর্থিক ব্যবস্থাদি পুনর্গঠনের লক্ষ্যে গঠিত নীতি সহায়তা সংক্রান্ত বাছাই কমিটি” হতে নীতি সহায়তা গ্রহণ করেছেন সে সকল ঋণ গ্রহীতা ব্যাংকে বিআরপিডি সার্কুলার নং-০৭/২০২৫ এর আওতায় নতুন আবেদন দাখিল করতে পারবে;
- কোনো ঋণগ্রহীতা (একক প্রতিষ্ঠান বা গ্রুপ) কর্তৃক নীতি সহায়তার আওতায় বিশেষ পুনঃতফসিল ও পুনর্গঠনের জন্য আবেদনকৃত ঋণ হিসাবসমূহের ঋণ স্থিতি ১০০০ কোটি টাকা বা এর অধিক হলে ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে উক্ত ঋণ হিসাবসমূহ-
 - বিশেষ পুনঃতফসিলের ক্ষেত্রে সর্বোচ্চ ০২ বছর গ্রেস পিরিয়ডসহ সর্বোচ্চ ১৫ (পনেরো) বছর মেয়াদে পুনঃতফসিল করা যাবে;
 - বিশেষ পুনর্গঠনের ক্ষেত্রে বিআরপিডি সার্কুলার নং-১৬/২০২২ এর অনুচ্ছেদ নং ৬(১) এ বর্ণিত মেয়াদের অতিরিক্ত সর্বোচ্চ ০৪ (চার) বছর মেয়াদ নির্ধারণকরত পুনর্গঠন করা যাবে;
- কোনো ঋণগ্রহীতা (একক প্রতিষ্ঠান বা গ্রুপ) কর্তৃক আবেদনকৃত ঋণ হিসাবসমূহের ঋণ স্থিতি ১০০০ কোটি টাকার কম হলে উক্ত ঋণ হিসাবসমূহ বিশেষ পুনঃতফসিল ও পুনর্গঠনের ক্ষেত্রে বিআরপিডি সার্কুলার নং-০৭/২০২৫ এ বর্ণিত মেয়াদ প্রযোজ্য হবে।
- যে সকল ঋণগ্রহীতা ইতোপূর্বে বিআরপিডি সার্কুলার নং-০৭/২০২৫ অথবা বাছাই কমিটির আওতায় নীতি সহায়তা গ্রহণ করেছেন সে সকল ঋণগ্রহীতাকে অনুচ্ছেদ ২(গ) ও ২(ঘ) এ বর্ণিত সুবিধা প্রদান করা যাবে। এক্ষেত্রে গ্রেস পিরিয়ডের ইতোমধ্যে অতিক্রান্ত সময় এ সার্কুলারে বর্ণিত গ্রেস পিরিয়ডের অন্তর্ভুক্ত হিসেবে বিবেচনা করত প্রয়োজনীয় অতিরিক্ত মেয়াদ বৃদ্ধি করা যাবে;
- নতুন আবেদনের ক্ষেত্রে ৩০ সেপ্টেম্বর ২০২৬ তারিখ পর্যন্ত অশ্রেণিকৃত (STD-0, 1, 2, SMA) ঋণসমূহকে সূত্রোক্ত সার্কুলারে বর্ণিত নির্দেশনানুযায়ী বিশেষ পুনর্গঠনজনিত সুবিধা এবং বিরূপমানে শ্রেণিকৃত (SS, DF, B/L) ঋণসমূহকে বিশেষ পুনঃতফসিলজনিত সুবিধা প্রদান করা যাবে;
- এ সার্কুলারের আওতায় সকল আবেদন প্রয়োজনীয় ডাউনপেইন্ট গ্রহণপূর্বক ৩১ ডিসেম্বর ২০২৬ এর মধ্যে ব্যাংক কর্তৃক নিষ্পত্তি করতে হবে।
- সূত্রোক্ত সার্কুলার ও এর অনুবৃত্তিক্রমে জারিকৃত অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

৩। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৯(১)(চ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(গাজী মোঃ মাহফুজুল ইসলাম)

পরিচালক (বিআরপিডি-১)

ফোন: ৯৫৩০২৫২